

Telephonic conversation between Prime Minister and Vladimir V. Putin, President of Russia on COVID-19

March 25, 2020

কোভিড-19-এর উপরে প্রধানমন্ত্রী এবং রাশিয়ার রাষ্ট্রপতি ব্লাদিমির ভি. পুটিনের টেলিফোনে কথপোকথন

মার্চ 25, 2020

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাশিয়ান যুক্তরাজ্যের রাষ্ট্রপতি মহামান্য ব্লাদিমির ভি. পুটিনের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছিলেন। দুই নেতাই কোভিড -19 -অতিমারির পরিপ্রেক্ষিতে বিশ্বব্যাপী পরিস্থিতির বিষয় নিয়ে আলোচনা করেছিলেন।

প্রধানমন্ত্রী, রাশিয়ায় যেসকল ব্যক্তি এই রোগে কষ্টভোগ করছেন তাদের দ্রুত আরোগ্য কামনার জন্য তার শুভকামনা ব্যক্ত করেছেন এবং রাষ্ট্রপতি পুটিনের নেতৃত্বে রোগের বিরুদ্ধে রাশিয়ার প্রচেষ্টা যে সফল হবে সেই আশা ব্যক্ত করেছেন।

কোভিড -19-এর মোকাবিলায় ভারতের গৃহীত পদ্ধতির সাফল্যে রাষ্ট্রপতি পুটিন প্রধানমন্ত্রীকে তার শুভকামনা জানিয়েছেন।

দুই নেতা, যারা স্বাস্থ্য, ওশুধ, বৈজ্ঞানিক গবেষণা, মানবিক বিষয়সমূহ এবং বিশ্ব অর্থনীতির উপরে প্রভাবের সাথে সংসৃষ্ট রয়েছেন তারা সহ এই বিশ্বব্যাপী মুখ্য সংকটের সকল চ্যালেঞ্জের মোকাবিলা সামলাবার জন্য পর্যাঙ্করূপে উদ্যোগ নেবার ক্ষেত্রে আরও আলোচনা এবং সহযোগিতায় সহমত হয়েছেন। তারা, কোভিড-19 -এর বিরুদ্ধে ,জি-20 র কাঠামোর অভ্যন্তর সহ একসাথে লড়াইয়ে আন্তর্জাতিক সহযোগিতার গুরুত্ব উপরে জোর দিয়েছেন।

রাশিয়াতে ভারতীয় ছাত্রছাত্রীদের কুশল নিশ্চিত করার জন্য রাশিয়ার কর্তৃপক্ষের সহযোগিতাকে প্রধানমন্ত্রী প্রশংসা করেছেন এবং এটি আগামী দিনেও জারি থাকবে বলে আশা ব্যক্ত করেছেন। পুটিন এই বিষয়ে যাবতীয় সাহায্যের আশ্বাস দিয়েছেন। প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি পুটিনকে বলেছেন যে, যখন যেমন প্রয়োজন হবে রাশিয়ার নাগরিকদের কুশল এবং ফিরিয়ে আনাকে সুনিশ্চিত করার জন্য সম্ভাব্য সকল পদ্ধতিকে সুবিধা প্রদানের জন্য ভারতীয় কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা জারি থাকবে।

দুই নেতা, আন্তরিক ও সময়ে পরীক্ষিত দ্বিপাক্ষিক সম্পর্কের উষ্ণতা এবং চমৎকার গতিশীলতাকে বজায় রাখার জন্য তাদের ঘনিষ্ঠ সহযোগিতাকে জারি রাখার বিষয়ে সহমতও প্রকাশ করেছেন। তারা পুনরায় উল্লেখ করেছেন যে সারা বছর ধরে তারা তাদের ব্যক্তিগতভাবে কথোপকথনের জন্য বিভিন্ন সুযোগের আশায় রয়েছেন।

নিউ দিল্লি

মার্চ 25, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

